'' শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা''

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।

**উপজেলা মহিলা ও শিশু বিষয়ক স্হায়ী কমিটির সভার কার্যবিবরনী**

সভাপতি ঃ জনাব নাছিমা আক্তার, ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ।
স্হান ঃ ভাইস চেয়ারম্যান(মহিলা)-র অফিস কক্ষ।
তারিখ ঃ ০৯/০৯/২০২১; সময় ঃ বেলা ১১:০০টা।

উপজেলা পরিষদের মহিলা ও শিশু বিষয়ক স্হায়ী কমিটির অদ্যকার সভার প্রারম্ভে সভাপতি সকলকে ধন্যবাদ ও স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভাপতির অনুমতিক্রমে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা গত সভার কার্যবিবরনী পাঠ করে শোনান এবং এতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। এরপর তিনি সভাকে আজকের আলোচ্য বিষয় সম্পর্কে অবহিত করেন।

| আলোচ্য বিষয় | সুপারিশসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|
| **০১। ভিজিডি কর্মসূচী ঃ**<br>চলমান ২০২১-২০২২চক্রের সুবিধাভোগীদের মাঝে আগষ্ট /২০২১ মাস পর্যন্ত খাদ্য বিতরণ সম্পন্ন হয়েছে। সুবিধাভোগীদের সঞ্চয়ের টাকা নিয়মিত তাদের নিজস্ব একাউন্টে জমা হচ্ছে। | ০১। ব্যাংক এশিয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে প্রত্যেক মাসে নিয়মিত ব্যাংক স্টেটমেন্ট প্রদান করবে। | ব্যাংক এশিয়া |
| | ০২। খাদ্য বিতরণের দিন ব্যাংকের এজেন্ট ইউনিয়ন পরিষদে অবশ্যই উপস্থিত থাকবেন এবং সুবিধাভোগীদের জমার রশিদ প্রদানকরত টাকা সেদিনই ব্যাংকে জমা দিয়ে স্টেটমেন্ট প্রদান করবে। | |
| | ০৩। টাকা জমা প্রদানের রশিদ ব্যতিত কোন সুবিধাভোগীকে খাদ্য বিতরণ করবেন না। | চেয়ারম্যান (সকল) |
| | ০৪। ট্যাগ অফিসারের উপস্থিতিতে খাদ্য বিতরণ নিশ্চিত করবেন। | |
| **০২। দরিদ্র মা'র জন্য মাতৃত্বকালীন ভাতা প্রদান কর্মসূচী ঃ**<br>এই কর্মসূচীতে সুবিধাভোগীদের সচেতনতামূলক প্রশিক্ষণ প্রদান কার্যক্রম সম্পন্ন হয়েছে। | ০১। যদি কারও একাউন্টে টাকা না আসে তবে ব্যাঙ্ক স্টেটমেন্টসহ প্রতিবেদন দ্রুত উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার নিকট প্রেরণ করতে হবে। | চেয়ারম্যান (সকল) |
| | ০২। প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন হয়েছে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| **০৩। ইউনিয়ন নারী নির্যাতন প্রতিরোধ কমিটি ঃ**<br>উক্ত কমিটির রেজুলেশন প্রতি মাসে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে প্রেরণ করার কথা থাকলেও কোন ইউনিয়ন পরিষদ হতে সভার কার্যাবিবরণী পাওয়া না যাওয়ায় জেলা কমিটির কাছে ইউনিয়নসমূহের নারী ও শিশু বিষয়ক কোন তথ্য প্রেরণ করা সম্ভব হয় না। | ০১। প্রতি মাসের ৩০ তারিখের মধ্যে উপজেলা কমিটির কাছে এ সংক্রান্ত বিভিন্ন তথ্য রেজুলেশনে অন্তভূর্ক্ত করে প্রেরণের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের পুনরায় অনুরোধ করা হল। | চেয়ারম্যান (সকল) |
| **০৪। বাল্যবিবাহ নিরোধ কমিটিঃ** | | |